

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৯৪

আগরতলা, ৭ এপ্রিল, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

“কমলপুর বিমল সিংহ মেমোরিয়্যাল হাসপাতালে পরিষেবা তলানিতে,” এই শিরোনামে গত ৬ এপ্রিল ২০২৫ তারিখে আজকের ফরিয়াদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। কমলপুরস্থিত বিমল সিংহ মেমোরিয়্যাল মহকুমা হাসপাতাল থেকে প্রাপ্ত তথ্য অনুযায়ী দপ্তরের পক্ষ স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, বর্তমানে উক্ত মহকুমা হাসপাতালে একজন স্ত্রী ও প্রসূতি রোগ বিশেষজ্ঞ চিকিৎসক, একজন শিশুরোগ বিশেষজ্ঞ চিকিৎসক, একজন সার্জন, একজন অ্যানেসথেসিস্ট এবং দুই জন মেডিক্যাল অফিসার সহ মোট ছয় (৬) জন চিকিৎসক কর্মরত আছেন। একমাত্র গুরুতর ক্ষেত্রেই রোগীদের কুলাই জেলা হাসপাতাল বা আগরতলা এজিএমসি অ্যান্ড জিবিপি হাসপাতালে উন্নত চিকিৎসার জন্য রেফার করা হয়ে থাকে। এই হাসপাতালে বর্তমানে দুইটি অ্যাম্বুলেন্স রোগী পরিষেবায় নিয়োজিত রয়েছে এবং অন্য একটি অ্যাম্বুলেন্স ওয়ার্কশপে মেরামত করা হচ্ছে।

\*\*\*\*\*